মেহেরপুরের আমঝুপিতে এডুকেশন ওয়াচ গ্রুপ পুনর্গঠন সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের বিদ্যালয় থেকে ঝরে পড়া রোধের দৃঢ় অঙ্গীকার নিয়ে মেহেরপুরের আমঝুপিতে অনুষ্ঠিত হলো ‘কমিউনিটি এডুকেশন ওয়াচ’ গ্রুপের পুনঃগঠন সভা। গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় এবং মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে মউক এর হলরুমে এই অনুষ্ঠানটি পরিচালিত হয়।

আমঝুপি কমিউনিটি ওয়াচ গ্রুপের সাবেক সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউক-এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমদহ ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন এবং বিশিষ্ট রাজনীতিবিদ ও শিক্ষক মোঃ রুহুল আমিন।

সভায় বক্তারা গ্রামীণ পর্যায়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং তৃণমূল পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। বিশেষ করে করোনা মহামারির পরবর্তী সময়ে শিক্ষার্থীদের স্কুলবিমুখতা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে বক্তারা বলেন, এটি মোকাবিলায় পাড়ায় পাড়ায় সামাজিক নজরদারি ও তদারকি বাড়ানো অপরিহার্য।

বক্তারা আরও বলেন, “শিক্ষার মান উন্নয়নে শুধু সরকারি উদ্যোগ যথেষ্ট নয়, স্থানীয় পর্যায়ের সচেতন নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।” পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা। সভায় স্থানীয় শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণী-পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভার দ্বিতীয় পর্বে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে আগামী মেয়াদের জন্য আমঝুপি ও আমদহ ইউনিয়নের নতুন ‘এডুকেশন ওয়াচ কমিটি’ ঘোষণা করা হয়।

আমঝুপি ইউনিয়নের সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন অধ্যাপক সাইদুর

রহমান এবং সহ-সভাপতি হিসেবে আজগর আলী ও আক্তার হোসেন। আমদহ ইউনিয়নের সভাপতি হিসেবে কাজী রুহুল আমিন এবং সহ-সভাপতি হিসেবে আনারুল ইসলাম ও ফারুক হোসেন দায়িত্ব পেয়েছেন।

নবগঠিত কমিটির নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন যে, এই কমিটি মেহেরপুরের শিক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা আনা এবং শিক্ষার মান উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যকর ভূমিকা পালন করবে।

আলমডাঙ্গায় বিএনপির প্রভাবশালী দুই গ্রুপের সমন্বয়; ঐক্যবদ্ধ শক্তিতে এগিয়ে যাওয়ার আহ্বান

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র দীর্ঘদিন ধরে চলমান দুই গ্রুপের সংঘাতময় বিরোধিতার অবসান ঘটার লক্ষ্যে অনুষ্ঠিত হয়েছে সমন্বয় সভা। গতকাল সন্ধ্যায় লায়লা কনভেনশন সেন্টারে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর দুইটি প্রভাবশালী গ্রুপের মধ্যে সমন্বয়ের লক্ষ্যে একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি মনোনীত প্রার্থী মোঃ শরীফুজ্জামান শরীফের সঙ্গে আলমডাঙ্গা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাউনাইন টিলু ওস্তাদ, সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিমসহ টিলু ওস্তাদ গ্রুপের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

এছাড়াও উপজেলার বিভিন্ন ইউনিয়নের অধিকাংশ সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা সভায় উপস্থিত ছিলেন।

সভায় আসন্ন নির্বাচনে দলীয় ঐক্য ও সংগঠনকে শক্তিশালী করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। নেতৃবৃন্দ বলেন, এই সমন্বয় সভার মধ্য দিয়ে আলমডাঙ্গা বিএনপিতে ঐক্যের নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। সভা শেষে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা দৃঢ় বিশ্বাস প্রকাশ করেন যে, দল ঐক্যবদ্ধভাবে ধানের শীষ প্রতীকে নির্বাচন করে চুয়াডাঙ্গা-১ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মোঃ শরীফুজ্জামান

বাড়ি মেহেরপুর গ্রুপের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি

“পরিবেশ, প্রতিবেশ রাখতে প্রাণবন্ত, বৃক্ষরোপণের নেই বিকল্প” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বাড়ি মেহেরপুরের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৫ আগস্ট) সকাল ১০টায় মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের দুই পাশে পরিবেশবান্ধব ও ঔষধি গাছ হিসেবে পরিচিত নিম গাছ রোপণ করা হয়।

বৃক্ষরোপণ কর্মসূচিতে পরিবেশ সুরক্ষা ও বৃক্ষের উপকারিতা বিষয়ে আলোচনা ও দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করা হয়।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুর পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ আসাদুজ্জামান খান রাজ (অ্যাডমিন), আঃ হাদী (মডারেটর), আব্দুর রব, আহসান হাবিব শুভ, আরিফুল ইসলাম, এস এম নয়ন, বদরুজ্জামান মুকুল, কৃষিবিদ মো. জুয়েল রানা ও একরামুল হক।

আয়োজকরা জানান, পরিবেশ রক্ষায় ভবিষ্যতেও এ ধরনের সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরে পিস ফ্যাসিলিটেটর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]